মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক শ্রমিক দিবস। দিবসটি উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

আজ শুক্রবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

সভায় বক্তব্য দেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সীরাজুম মূনীর, সম্মিলিত পেশাজীবী পরিষদের সভাপতি আল আমিন বকুল, মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ও সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্যরা।

অন্যদিকে, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি পুরাতন বাসস্ট্যান্ড থেকে বের হয়ে ভূমি অফিস পাড়া প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আহসান হাবিব সোনা।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যকরী সভাপতি খন্দকার সাজু, যুগ্ম সম্পাদক এরশাদ আলী, সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

দর্শনা বালিকা বিদ্যালয়ের

আয়োজনে পিঠা উৎসব

দর্শনা বালিকা বিদ্যালয়ের আয়োজনে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত পিঠা উৎসব চলে। সকাল সাড়ে ১১টায় পিঠা উৎসবের উদ্বোধন করেন, পিঠা উৎসবের প্রধান অতিথি দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার। সভাপতিত্ব করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির।

পিঠা উৎসবে পিঠার পরসা সাজিয়ে ১১টি স্টলের মধ্যে ১ম স্থান অর্জন করে ঘ্রাণের ভেলা, পিঠার মেলা পিঠা ঘর। এ পিঠা উৎসবে বিদ্যালয়ের ছাত্রীদের উদ্যোগে ১১টি স্টল অংশ নেয়। পিঠা উৎসবে অতিথি হিসাবে উৎসবের স্টলগুলো পরিদর্শন করেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক দর্শনা সরকারী কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ মুকুল, দর্শনা পৌর সাবেক মেয়র শরীফ উদ্দিন, ইকবাল হোসেন, শিক্ষক নাহারুল ইসলাম, মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আবু সাঈদ ও দর্শনা পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু সুলতান।

পিঠা উৎসব শেষে পিঠা উৎসবে অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্যে পুরুস্কার বিতরণ করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার ও দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির। পিঠা উৎসবের অনুষ্ঠান পরিচালনা করেন, শিক্ষক হাসমত আলী।

মেহেরপুরে চকশ্যামনগর প্রাথমিক বিদ্যালয়ে মউকের আয়োজনে ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন শিক্ষার্থীদের বরণ করে নিতে এক আনন্দঘন ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত হয়েছে। মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং গণসাক্ষরতা

অভিযান-এর সহযোগিতায় এই ব্যতিক্রমী কর্মসূচি পালন করা হয়।

আজ বুধবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা: হালিমা খাতুন। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মউকের প্রতিনিধি দল, বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দ এবং অভিভাবকগণ।

অনুষ্ঠানের শুরুতেই নতুন ভর্তি হওয়া শিশুদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় এবং তাদের মিষ্টিমুখ করানো হয়। প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা বলেন, “একটি শিশুও যেন স্কুল থেকে ঝরে না পড়ে, সেই লক্ষ্যে আমরা কাজ করছি। মউক ও গণসাক্ষরতা অভিযানের এই উদ্যোগ শিশুদের পড়াশোনায় আরও আগ্রহী করে তুলবে।”

উৎসবের মূল আকর্ষণ ছিল খুদে শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। শিশুদের নাচ ও গানে পুরো বিদ্যালয় প্রাঙ্গণে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে। অনুষ্ঠান শেষে মউক ও গণসাক্ষরতা অভিযানের পক্ষ থেকে শিশুদের হাতে বিভিন্ন শিক্ষা উপকরণ ও উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

উপস্থিত অভিভাবকরা এই উদ্যোগের প্রশংসা করে বলেন, কলেজের নবীন বরণের মতো ছোট শিশুদের এভাবে বরণ করে নেওয়া সত্যিই প্রশংসনীয়, যা শিশুদের মেধা বিকাশে ও স্কুলমুখী করতে সহায়ক হবে।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে এসএ টিভির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে এসএ টিভির ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে আজ সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মাহফুজুর রহমান, ঝিনাইদহ

প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, সাবেক সভাপতি এম রায়হান, সাবেক সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজিব হাসান, এসএ টিভির ঝিনাইদহ প্রতিনিধি ফয়সাল আহমেদ, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, সেন্ট্রাল কেবল নেটওয়ার্কের পরিচালক ইসাহাক আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠান পরিচালনা করেন, চ্যানেল টোয়েন্টিফোর’র স্টাফ রিপোর্টার সাদ্দাম হোসেন। বক্তারা দেশের প্রথম শ্রেণির স্যাটেলাইট টেলিভিশন এসএ টিভির উত্তরোত্তর সফলতা কামনা করেন। আলোচনা সভা শেষে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

অনলাইন জুয়াড়ী আনোয়ার হোসেনের আয়োজনে ওয়াজ মাহফিল

!

মেহেরপুর পুলিশের তালিকাভূক্ত পলাতক শীর্ষ অনলাইন জুয়াড়ী আনোয়ার হোসেনের আয়োজনে দুইদিন ব্যাপি ইসলামি ওয়াজ মাহফিলকে কেন্দ্র করে জেলাব্যাপি শুরু হয়েছে তীব্র সমালোচনা। এনিয়ে সমালোচনা শুরু হলেও অজ্ঞাত কারণে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ রয়েছে নিরব।

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের অনলাইন জুয়াড়ী আনোয়ার হোসেন তার পিতা মরহুম কিয়ামদ্দিন আলীর ২৩ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দুইদিন ব্যাপী ওয়াজ মাহফিলকে কেন্দ্র করেই এলাকাজুড়ে শুরু হয়েছে এই আলোচনা ও বিতর্ক।

পুলিশের গ্রেফতার আতংকে পলাতক এই আনোয়ার হোসেন, মাহফিলের সভাপতিত্ব করার কথা থাকলেও তিনি রয়েছেন পলাতক। তবে, মাহফিলকে কেন্দ্র করে ইতোমধ্যে গাঁড়াডোব গ্রামে করা হয়েছে আলোক ঝলমল লাইটিং ও ডেকোরেশন। বেশ কয়েকদিন যাবৎ চলছে মাইকিং প্রচার প্রচারণা। আনা হয়েছে দেশ বরেণ্য ইসলামিক বক্তা ও ইসলামিক সংগীত

শিল্পী।

সূত্রমতে, আনোয়ার হোসেন মেহেরপুরের শীর্ষ অনলাইন জুয়াড়ি হিসেবে পরিচিত। তার বিরুদ্ধে অনলাইন জুয়ার এই এজেন্টের জুয়া সংশ্লিষ্ট কার্যক্রম ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ নিয়ে পুলিশ, সিআইডি পুলিশসহ আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর একাধিক টিম কাজ করছেন। পুলিশী গ্রেফতার এড়াতে আনোয়ার হোসেন দীর্ঘদিন যাবৎ দুবাইতে আত্মগোপন করে রয়েছেন বলে জানা গেছে।

তবে, স্থানীয় মেহেরপুর জেলা বিএনপি’র এক নেতার হাত ধরে সে নিজেকে ছাত্রদলের ও যুবদলের ব্যানার পোস্টারে ছেঁয়ে দিয়েছিল। নিজেকে বিএনপি’র কেন্দ্রীয় কয়েকজন নেতার ঘনিষ্ট লোক বলেও পরিচয় দিয়ে আসছিলেন। আনোয়ার হোসেন তার অবৈধ আয়ের টাকা দিয়ে এলাকায় ধর্মীয় দানবীর হিসেবেও আত্মপ্রকাশ করতে চেয়েছেন। অভিযোগ উঠেছে জুয়াড়ী আনোয়ার হোসেনের নেতৃত্বে এলাকায় গড়ে উঠেছে একটি শক্তিশালী বাহিনী। আনোয়ার হোসেন ও তার সেই বাহিনীকে রাজনৈতিক সহযোগীতা করছে এলাকার একজন প্রভাবশালী নেতা।

স্থানীয়রা জানান, গাড়াডোব গ্রামের আনোয়ার হোসেন মেহেরপুর জেলায় অনলাইন জুয়ার শীর্ষ এজেন্টদের একজন হিসেবে পরিচিত। অথচ, সে অবৈধ টাকা দিয়ে ধর্মীয় অনুষ্ঠানের নামে বিপুল ব্যয়ে এই আয়োজন করেছে। তরুণদের সর্বনাশ আর পারিবারিক ধ্বংস জড়িয়ে, সেই টাকায় দানের নামে ইবাদত কি গ্রহণযোগ্য হতে পারে কিনা এমন প্রশ্নও করেন তারা।

গাঁড়াডোব গ্রামের লোকজন নাম প্রকাশ না করার শর্তে জানান, ৫-৭ বছর আগেও আনোয়ার হোসেন পারিবারিকভাবেও স্বচ্ছল ছিলেন না। বিকাশ কোম্পানীতে সে ৭ হাজার বেতনে চাকুরী করতো। হঠাৎ সে অনলাইন জুয়াতে জড়িয়ে অল্প দিনের মধ্যেই হাজার কোটি টাকা ও সম্পদের মালিক বনে যান। সেই সাথে এলাকার শত শত যুবককে যুক্ত করেন অনলাইন জুয়ার জগতে। আনোয়ার হোসেন প্রশাসনের নজরে আসার সাথে সাথে পালিয়ে যান দুবাইতে। কিছুদিন আগে সে বাড়ি ফিরে এসে বিএনপি’র এক নেতার হাত ধরে রাজনৈতিক বিভিন্ন কর্মসূচিতে যাতায়াত বাড়ান। এক পর্যায়ে সে নিজেকে ছাত্রদলের জেলা পর্যায়ে নেতা পরিচয় দিয়ে এলাকায় পোস্টার ব্যানারে ছেয়ে দেন। আনোয়ার হোসেন পলাতক জীবনযাপন করলেও তার ভাই সানোয়ার হোসেন গাঁড়াডোব বাজারে আনোয়ার হোসেনের নামে ব্যবসা প্রতিষ্ঠান চালিয়ে আসছেন।

জুয়াড়ী আনোয়ার হোসেন তার বাবার মৃত্যুবার্ষিকী উপলক্ষে লক্ষ লক্ষ লাখ টাকা ব্যয়ে জাঁকজমকপূর্ণভাবে ওয়াজ মাহফিলের আয়োজন ও প্রচার-প্রচারণা চালানোতে নড়ে চড়ে বসেছে মিডিয়া এবং স্থানীয় প্রশাসন।

সরেজমিনে দেখা গেছে, গাড়াডোব মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিরাট আকারের একটি প্যান্ডেল নির্মাণ করা হয়েছে। বক্তাদের জন্য সুদর্শন মঞ্চ এবং বিশাল এক তোরণ তৈরী করা হয়েছে। মাঠের আশেপাশের এলাকায় আলোকসজ্জা এবং ব্যানার ফেস্টুনে ছেয়ে দিয়েছেন আয়োজকরা। মাহফিলের বক্তা ও দেশসেরা ইসলামী সঙ্গীত শিল্পিরা আসবেন বলে মাইকিং চলছে বেশ কয়েকদিন থেকেই।

জানা গেছে, আনোয়ার হোসেনের বিরুদ্ধে অনলাইন জুয়া সংশ্লিষ্ট একাধিক মামলা রয়েছে এবং অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে তদন্তও চলমান। সম্প্রতি সিআইডি মেহেরপুর জেলায় অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে ১৯ জনের বিরুদ্ধে যে তদন্ত শুরু করেছে, সেই তালিকায় আনোয়ার হোসেনের নামও রয়েছে বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে।

এদিকে নির্বাচনী তফসিল ঘোষণার পরও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এ আয়োজন কীভাবে হলো তা নিয়েও প্রশাসনের ভূমিকা প্রশ্নের মুখে পড়েছে।

নাগরিক সমাজ উদ্বেগ জানিয়ে সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা কমিটির সভাপতি সৈয়দ জাকির হোসেন বলেন, “এলাকার অনেক যুবক তরুণ অনলাইন জুয়ার ফাঁদে পড়ে নিঃস্ব হচ্ছে। আমরা দীর্ঘদিন ধরে এসবের বিরুদ্ধে সামাজিক সচেতনতায় কাজ করছি। অনলাইন জুয়ার অর্থে ধর্মীয় আয়োজন প্রসঙ্গে তিনি আরও বলেন, “রাষ্ট্রীয় ও প্রশাসনিকভাবে যদি অনলাইন জুয়াড়িদের মূল উৎপাটন না করা যায়, তাহলে এ ধরনের ঘটনা চলতেই থাকবে। ধর্মীয় আবেগকে ব্যবহার করে মানুষকে বিপথগামী করা মোটেও কাম্য নয়। এসব আয়োজন অনেক সময় সমাজে প্রভাব বিস্তারের একটি কৌশল মাত্র।

এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, বিষয়টি আমার জানা নেই। মাহফিল আয়োজনের ক্ষেত্রে জেলা প্রশাসনের অনুমতি লাগে।

মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির জানান, “মাহফিল আয়োজনের জন্য একটি আবেদন দিয়েছিল। সেই আবেদনের প্রেক্ষিতে পুলিশ

সুপারের কাছে প্রতিবেদন চাওয়া হয়েছে। তিনি ইতিবাচক মত দিয়েছেন। অনুমতি এখনো পেন্ডিং রয়েছে। তবে কিছু শর্ত সাপেক্ষে তারা অনুমতি পাবে। মাহফিল ঘিরে নির্বাচনী আচরণবিধি ভঙ্গ হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এ বিষয়ে আনোয়ার হোসেনের বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও রিপোর্ট লেখা পর্যন্ত তার কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

গণভোটে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে উঠান বৈঠক আয়োজনের নির্দেশ দিলেন তথ্য সচিব

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি গণভোটে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে আগামীকাল থেকেই ওয়ার্ডে ওয়ার্ডে উঠান বৈঠক আয়োজনের নির্দেশ দিয়েছেন তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা। তিনি বলেন, তরুণ ভোটার বিশেষ করে প্রথমবারের মতো যারা ভোট দেবেন, তাদের অনুপ্রাণিত করতে ‘ভোটালাপ’ কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এর আওতায় জেলা তথ্য অফিসগুলোর উদ্যোগে বাড়ি বাড়ি গিয়ে গণভোটে অংশ নিতে উদ্বুদ্ধ করতে হবে।

তথ্য সচিব গতকাল বৃহস্পতিবার ঝুম প্ল্যাটফর্মে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট উপলক্ষে জেলা তথ্য অফিসসমূহের প্রচার কাজের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ নির্দেশনা দেন।

গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিলের সভাপতিত্বে সভায় মাঠ পর্যায়ের ৬৮ তথ্য অফিসের প্রধানগণ অংশ নেন।

তথ্য সচিব বলেন, এবারের গণভোটকে ইউনিক করতে সকল ভোটারের

অংশগ্রহণ প্রয়োজন। ভোটারদের উজ্জীবিত করার গুরুদায়িত্ব তথ্য অফিসসমূহকে পালন করতে হবে। জনগণকে ভোটদানের উপকারিতা জানাতে হবে। ন্যায় ও আইনের শাসন নিশ্চিত করতে হলে সবাইকে গণভোটে অংশ নিতে হবে।

গণভোটের প্রচারে আঞ্চলিক ভাষা ও সংস্কৃতিনির্ভর কনটেন্ট এবং বক্তব্য তুলে ধরতে হবে। এর মাধ্যমে জনগণ গণভোটের গুরুত্ব অনুধাবন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সভাপতির বক্তব্যে গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিল বলেন, নির্বাচনী আচরণবিধি, গণভোট সম্পর্কে প্রাক্টিক্যাল ডেমোনস্ট্রেশন, তরুণ ভোটারদের উৎসাহ ও নারী ভোটারদের অংশগ্রহণ বাড়াতে গণযোগাযোগ অধিদপ্তরের মাঠপর্যায়ের কর্মীরা নিরলস কাজ করছে। ইতোমধ্যেই গণভোট সংক্রান্ত ১০টি সংগীত রচনা করা হয়েছে। এগুলোর সুর তুলে রেকর্ডিংয়ের কাজ চলছে। শিগগিরই এসব সংগীত মাঠ পর্যায়ে পরিবেশন করে গণভোটে জনসম্পৃক্ততা বাড়ানো হবে। পাশাপাশি নির্বাচন কমিশন, প্রধান উপদেষ্টার কার্যালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত কনটেন্ট মাঠ পর্যায়ে ব্যাপক হারে প্রচার করা হচ্ছে।

তথ্য সচিব তাঁর বক্তব্যে গণভোট ও নির্বাচনি আচরণবিধি সম্পর্কে ভোটার সচেতনতা বাড়াতে ‘টেন মিনিট ব্রিফ’ কর্মসূচি গ্রহণের তাগিদ দেন। এ কর্মসূচির আওতায় তিনি গ্রামের ছোট ছোট বাজারে দাঁড়িয়ে ১০ মিনিট নির্বাচন সংক্রান্ত করণীয় এবং বর্জনীয় বিষয়ে জেলা তথ্য অফিসের কর্মকর্তাদের বক্তৃতা এবং প্রচারপত্র বিতরণের নির্দেশনা দেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (কারিগরি) মীর মোহাম্মদ আসলাম উদ্দিন, বরিশাল জেলা তথ্য অফিসের পরিচালক ওমর ফারুক দেওয়ান, রংপুর জেলা তথ্য অফিসের পরিচালক ড. মোফাখখারুল ইকবাল, গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) সৈয়দ এ মু’মেন ও পরিচালক (প্রচার ও সমন্বয়) ডালিয়া ইয়াসমিন সংযুক্ত থেকে বক্তব্য রাখেন।

দর্শনায় জামায়াতের ব্যতিক্রমী আয়োজন: ছাত্র ও যুব সমাজের মুখোমুখি প্রার্থী

জামায়াতে ইসলামীর জেলা আমীর ও জামায়াত মনোনীত চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য প্রার্থী মোঃ রুহুল আমিন বলেছেন, কোমলমতি শিশুদের শিক্ষা প্রতিষ্ঠানমুখী করার জন্য কার্যকর ব্যবস্থা নিতে চাই। আমরা রাষ্ট্রক্ষমতায় গেলে দর্শনা অথবা দত্তনগরকেন্দ্রিক একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে চাই।

তিনি বলেন, চুয়াডাঙ্গা-২ আসনে রাস্তাঘাট বর্তমানে নাজুক অবস্থায় রয়েছে। সুযোগ পেলে এগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে নির্মাণ করবো বিশেষ করে আমাদের যে হাইওয়ে রয়েছে তা ফোর লেনে উন্নীত করে যানজটমুক্ত করা হবে। কৃষকদের জন্য কোল্ড স্টোরেজের ব্যবস্থা করতে চাই। আমাদের এলাকায়, বিশেষ করে দর্শনায় সরকারি হাসপাতাল নেই সুযোগ পেলে চিকিৎসাসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেব।

তিনি আরও বলেন, আমরা প্রতি মাসে কীভাবে বয়স্ক ও মুক্তিযোদ্ধাদের স্বাস্থ্য পরীক্ষা করা যায় সে ব্যবস্থাও নেব। কিশোর গ্যাং বা যুব গ্যাং যেন সমাজে তৈরি না হয় আমরা তার প্রতিরোধে ব্যবস্থা নিতে চাই। নারীর ক্ষমতায়নের বিষয়ে কেন্দ্রীয় জামায়াতের সিদ্ধান্ত অনুযায়ী যেসব পেশায় নারীরা স্বাচ্ছন্দ্যবোধ করেন সেসব ক্ষেত্রে সুযোগ সম্প্রসারণ করা হবে। যেখানে নারীর উপস্থিতি বেশি, সেখানে তাদের কর্মঘণ্টা কমানো, বেবি কেয়ার ব্যবস্থা করা এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করা হবে।

তিনি আরও জানান, গত বছর চুয়াডাঙ্গা জেলায় ১ লাখ গাছ লাগানো হয়েছিল। ক্ষমতায় গেলে আমরা নিজেরা কোনো সরকারি গাছ কাটবো না, কাউকেও কাটতে দেব না।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় দর্শনা পৌর অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টারে জামায়াতে ইসলামী আয়োজিত “ছাত্র ও যুব সমাজের মুখোমুখি প্রার্থী” শীর্ষক ব্যতিক্রমধর্মী অনুষ্ঠানে যুব ও ছাত্রসমাজের প্রতিনিধিদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে স্কুল–কলেজের শিক্ষার্থী ছাড়াও প্রায় ৬ শতাধিক যুবক অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের নায়েবে আমীর ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান এবং ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ।

আরও উপস্থিত ছিলেন জামায়াতের দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু, ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলাম, সাবেক জেলা সভাপতি মহসিন এমদাদুল্লাহ জামেন, ছাত্রশিবিরের প্রকাশনা সহকারী আব্দুর রহিম, দর্শনা থানা শাখার সভাপতি লোকমান হৃদয়, দামুড়হুদা থানা সভাপতি আল ফাহাদ সবুজ, জীবননগর থানা সভাপতি মোঃ রাসেল আহমেদ, মাজলিসুল মুফাছসিরিনের জেলা সেক্রেটারি আব্দুল খালেক প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন মোঃ মাসুম বিল্লাহ।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অনিবার্ণ থিয়েটার কার্যালয়ে বর্ষা উৎসবের উদ্বোধন করেন, দর্শনা থানার অসি অপারেশন অনুপ দাস ও অনিবার্ণ থিয়েটারের সিনিয়ার সদস্য কবিরুল হক লিপু, আওয়াল হোসেন ও সাজ্জাদ হোসেন।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে শাপলা ফুলের মালা, ছাতা ও কুচুপাতার ব্যবহার করে বষার্র পরিবেশ সৃষ্টি করা হয়। শুরুতেই বর্ষার কবিতা আবৃতি করেন, মুন্সি কবির ও সাজ্জাদ হোসেন অনিবার্ণ থিয়েটারের কার্যক্রম ইতিহাস তুলে বক্তব্য রাখেন। এরপর দর্শনা অনিবার্ণ থিয়েটার সদস্যদের পরিবেশনায় শিশু শিল্পীদের দলীয় সংগীত মুক্ত মালার ছাতি মাথায় বর্ষা এলারে, অভিভাবকদের ওগো তোমার আকাশ দুটি চোখে গানটি পরিবেশন করেন।

এছাড়া একের পর এক কবিতা আবৃতি, নিত্য ও কৌতুক সংগীত পরিবেশন করেন অনিবার্ণের সদস্যরা। এসময় আরো উপস্থিত ছিলেন, এ এস আই মনি

মহন সরকার, স্বপনা, মিলন, সাব্বির আলিম, খাইরুল ইসলাম ও রিদয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেতার শিল্পী মোস্তাক আহম্মেদ মনা ও প্রভাষক মিল্টন কুমার সাহা, মিলন, হাবিবুর রহমান ইদু। অনুষ্ঠান শেষে চড়ুইভাতি আয়োজন করে অনিবার্ণ থিয়েটার।

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দর্শনা শাহারিয়ার মুক্ত মঞ্চের সামনে এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান, মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান।

এসময় এলাকাবসীর পক্ষে সাজ্জাদ হোসেন বলেন, দর্শনা এলাকায় দ্রুতগামী মোটর-সাইকেল শব্দ করে চালানো, গভীর রাতে বিকট শব্দ করে সাউন্ড বক্স বাজানো বন্ধ করা, মাদক চোরাচালান বিষয়ে পুলিশ প্রতি নজর দেওয়ার দাবী করেন।

এছাড়া দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জনতার উদ্যেশে বলেন, আমাদের দর্শনা থানার পুলিশের দায়িত্ব পালনে কোনো ত্রুটি থাকলে আমার কাছে নিরদিধায় জানাবেন। আমরা সেগুলোকে আমলে নিয়ে আমাদের দায়িত্ব পালনে অবিচল থাকবো। ইতোপূর্বে দর্শনা থানাধীন হিজলগাড়ী ও গড়ায়টুপি এলাকায় সাধারণ মানুষের উপস্থিতিতে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা করেছি। এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অব্যহত থাকবে। দর্শনা থানার প্রতিটি এলাকায় এ মতবিনিময় সভা করে যাবেন বলে জানান।

এনটিভির ২৩ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে ব্যতিক্রমী আয়োজন

দেশের জনপ্রিয় বেসরকারি টেলিভিশন চ্যানেল এনটিভির ২৩ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে আয়োজন করা হয় এক ব্যতিক্রমধর্মী অনুষ্ঠান। গতকাল বুধবার দুপুরে গাংনী উপজেলার ঢেপা গ্রামের এতিমখানা ও মাদ্রাসায় এ আয়োজন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, জেলা জামায়াতে ইসলামীর আমির ও মেহেরপুর ১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান, মেহেরপুর —২ গাংনী আসনে জামায়াতের প্রার্থী নাজমুল হুদা, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আখেরুজ্জামান এবং গাংনী পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলার কর্মরত সাংবাদিক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও গ্রামের মুরুব্বিরা। কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

বক্তব্যে আমন্ত্রিত অতিথিরা এনটিভির ২৩ বছরের পথচলায় বস্তুনিষ্ঠ ও নির্ভুল সংবাদ পরিবেশনের ভূয়সী প্রশংসা করেন। তারা বলেন, “এনটিভি দেশের মানুষের আস্থার প্রতীক হয়ে উঠেছে, কারণ তারা সব সময় সঠিক সংবাদ পরিবেশনে আন্তরিকতা দেখিয়েছে।”

আলোচনার পর অতিথিরা মাদ্রাসার শিক্ষার্থী ও স্থানীয় মুরুব্বিদের সঙ্গে একসঙ্গে মধ্যাহ্নভোজে অংশ নেন। শিক্ষার্থীরা অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করে এবং এমন আয়োজনে নিজেদের আনন্দ প্রকাশ করে।

গ্রামের মুরুব্বিরাও জানান, এতিম শিক্ষার্থীদের সঙ্গে এমন আয়োজনে এনটিভির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অত্যন্ত মানবিক এবং প্রশংসনীয় একটি উদ্যোগ।